যুগান্তর

তারিখ 21 AUG 2016 পৃষ্ঠা ৭ কলাম ২

# নারায়ণগঞ্জের ২১ কলেজে কেউ জিপিএ-৫ পায়নি

**নারায়ণগঞ্জ প্রতিনিধি**

এবার এইচএসসি পরীক্ষার ফলাফলে জেলার ২১টি কলেজ থেকে কেউ জিপিএ-৫ পায়নি। তবে জেলায় জিপিএ-৫ পেয়েছে ৫৮৩ জন। পরীক্ষার্থী ছিলেন ১৭ হাজার ৮৮২। পাস করেছে ১৩ হাজার ৭০২। নারায়ণগঞ্জের যেসব কলেজ থেকে কেউ জিপিএ-৫ পায়নি কানাইনগর সোবহানিয়া কলেজের পরীক্ষার্থী ছিলেন ৩১জন, পাস করেছে ২৩ জন। এরিবস ইন্টারন্যাশনাল স্কুল অ্যান্ড কলেজের পরীক্ষার্থী ছিলেন ১৯ জন, পাস করেছে ১৪ জন। নারায়ণগঞ্জ বালিকা উচ্চ বিদ্যালয় অ্যান্ড কলেজে পরীক্ষার্থী ছিলেন ৪৪ জন, পাস করেছে ১৮ জন, জিপিএ-৫ পায়নি কেউ। নারায়ণগঞ্জ আদর্শ বালিকা উচ্চ বিদ্যালয় অ্যান্ড কলেজে পরীক্ষার্থী ছিলেন ৯৪ জন, পাস করেছে ৬৬ জন, জিপিএ-৫ পায়নি কেউ। ইস্টার্ন আইডিয়াল কলেজে পরীক্ষার্থী ছিলেন ২৪ জন, পাস করেছে ১২ জন।

**রূপগঞ্জ :** নাবা কিশোলয় হাই স্কুলে পরীক্ষার্থী ছিলেন ২১ জন, পাস করেছে ২১ জন। রূপসী নিউ মডেল স্কুল অ্যান্ড কলেজে পরীক্ষার্থী ছিলেন ৫৬ জন, পাস করেছে ৪৯ জন। হাজী মোহাম্মদ এখলাসউদ্দিন ভূঁইয়া কলেজে পরীক্ষার্থী ছিলেন ২১ জন, পাস করেছে ২১ জন। মুড়াপাড়া কলেজে পরীক্ষার্থী ছিলেন ৩৬৯ জন, পাস করেছে ৩৫৮ জন। আবদুল আজিজ মিয়া আয়েশা খাতুন কলেজে পরীক্ষার্থী ছিলেন ৬৩ জন, পাস করেছে ৬০ জন। পূর্বাচল আদর্শ স্কুলে পরীক্ষার্থী ছিলেন ৯০ জন, পাস করেছে ৬৩ জন।

**আড়াইহাজার :** কবি নজরুল স্কুল অ্যান্ড কলেজে পরীক্ষার্থী ছিলেন ৬০ জন, পাস করেছে ৩৬ জন। রোকনউদ্দিন মোল্লা গার্লস অ্যান্ড কলেজে পরীক্ষার্থী ছিলেন ১৩২ জন।

**সোনারগাঁও :** হাসাইনপুর এসপি ইউনিয়ন কলেজে পরীক্ষার্থী ছিলেন ১১৭ জন, পাস করেছে ১১৬ জন। সোনারগাঁও আইডিয়াল কলেজে পরীক্ষার্থী ছিলেন ১৯১ জন, পাস করেছে ১৮৬ জন। মেঘনা শিল্প নগরী স্কুল অ্যান্ড কলেজে পরীক্ষার্থী ছিলেন ১০৭ জন, পাস করেছে ৯৪ জন। বারদি স্কুল অ্যান্ড কলেজে পরীক্ষার্থী ছিলেন ৫৪ জন, পাস করেছে ৫১ জন। ইউসুফগঞ্জ স্কুল অ্যান্ড কলেজে পরীক্ষার্থী ছিলেন ৫১ জন, পাস করেছে ২৬ জন। সিনহা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে পরীক্ষার্থী ছিলেন ১৩৩ জন, পাস করেছে ১২০ জন, জিপিএ-৫ পেয়েছেন ২ জন।

**বন্দর :** ঢাকেশ্বরী মিলস স্কুল অ্যান্ড কলেজে পরীক্ষার্থী ছিলেন ২৬ জন, পাস করেছে ১৯ জন। হাজী ইব্রাহিম আলম চান মডেল স্কুল অ্যান্ড কলেজে পরীক্ষার্থী ছিলেন ২৯৭ জন, পাস করেছে ২৪৯ জন।